



বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন

Bangladesh House Building Finance Corporation

পরিকল্পনা, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, সদর দফতর, ঢাকা।

email: dgm.phrd@bhbf.gov.bd

অফিস আদেশ নম্বরঃ ০৯.০৩.২০২৪

তারিখঃ ২৮ মার্চ ২০২৪

বিষয়ঃ মাঠ পর্যায়ের জোনাল অফিসসমূহের এপিএ টিম লিডার ও এপিএ ফোকাল পয়েন্ট নির্ধারণ সংক্রান্ত।

বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন বিগত ০৪ অর্থবছরে আর্থিক প্রতিষ্ঠান বিভাগের আওতাধীন প্রতিষ্ঠানসমূহের এপিএ'র মূল্যায়নে সর্বোচ্চ নম্বর প্রাপ্ত হয়, যার ধারাবাহিকতা ২০২৩-২০২৪ অর্থবছরেও বজায় রাখতে হবে। অপরদিকে, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয় এর নির্দেশনা মোতাবেক চলমান ২০২৩-২৪ অর্থবছর হতে মাঠ পর্যায়ের জোনাল অফিসসমূহকে স্ব-স্ব অফিস ও তার আওতাধীন শাখা অফিসসমূহের এপিএ সংক্রান্ত সকল কার্যক্রম (চুক্তি প্রণয়ন, বাস্তবায়ন, ত্রৈমাসিক ও বার্ষিক অর্জন অনুযায়ী প্রমানক প্রস্তুতকরণ এবং এপিএমএস ও সংশ্লিষ্ট অন্যান্য সফটওয়্যারে আপলোডকরণ) নিজেদের স্বয়ংসম্পূর্ণভাবে সম্পাদন করতে হবে।

২.০ সে প্রেক্ষিতে, জোনাল অফিসসমূহের মনোনয়নের ভিত্তিতে ১৮টি জোনাল অফিসের এপিএ টিম লিডার ও এপিএ ফোকাল পয়েন্ট নিম্নোক্তভাবে গঠন করা হলোঃ

ক্র.	জোনাল অফিসের নাম	জোনাল অফিসভিত্তিক এপিএ টিম লিডার	জোনাল অফিসভিত্তিক এপিএ ফোকাল পয়েন্ট	
			কর্মকর্তার নাম	পদবী ও সংশ্লিষ্ট জোনাল/শাখা অফিসের নাম
১	২	৩	৪	৫
১	ঢাকা উত্তর	জোনাল ম্যানেজার, জোনাল অফিস, ঢাকা উত্তর	জনাব আবুল হাসনাত	সিনিয়র অফিসার, জোনাল অফিস, ঢাকা উত্তর
২	ঢাকা দক্ষিণ	জোনাল ম্যানেজার, জোনাল অফিস, ঢাকা দক্ষিণ	জনাব মোঃ সজল মিয়া	সিনিয়র অফিসার, জোনাল অফিস, ঢাকা দক্ষিণ
৩	ঢাকা পশ্চিম	জোনাল ম্যানেজার, জোনাল অফিস, ঢাকা পশ্চিম	জনাব সনিয়া রহমান	সিনিয়র অফিসার, জোনাল অফিস, ঢাকা পশ্চিম।
৪	ঢাকা পূর্ব	জোনাল ম্যানেজার, জোনাল অফিস, ঢাকা পূর্ব	জনাব মোহাম্মদ নাজিম উদ্দিন	সহকারী মহাব্যবস্থাপক, জোনাল অফিস, ঢাকা পূর্ব
৫	চট্টগ্রাম	জোনাল ম্যানেজার, জোনাল অফিস, চট্টগ্রাম	জনাব সঞ্জয় মিত্র	সহকারী মহাব্যবস্থাপক, জোনাল অফিস, চট্টগ্রাম
৬	কুমিল্লা	জোনাল ম্যানেজার, জোনাল অফিস, কুমিল্লা	জনাব মোঃ এখলাছুর রহমান	সিনিয়র প্রিন্সিপাল অফিসার, জোনাল অফিস, কুমিল্লা
৭	সিলেট	জোনাল ম্যানেজার, জোনাল অফিস, সিলেট	জনাব মারুফ আহসান	প্রিন্সিপাল অফিসার, জোনাল অফিস, সিলেট
৮	ময়মনসিংহ	জোনাল ম্যানেজার, জোনাল অফিস, ময়মনসিংহ	জনাব মোঃ আবু সাইদ কিবরিয়া	অফিসার, ময়মনসিংহ শাখা
৯	রাজশাহী	জোনাল ম্যানেজার, জোনাল অফিস, রাজশাহী	জনাব ফয়সাল বিন ওয়াদুদ	মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার (নেট), জোনাল অফিস, রাজশাহী
১০	বরিশাল	জোনাল ম্যানেজার, জোনাল অফিস, বরিশাল	জনাব ফাহিমদা আক্তার	প্রিন্সিপাল অফিসার, বরিশাল শাখা
১১	বগুড়া	জোনাল ম্যানেজার, জোনাল অফিস, বগুড়া	জনাব বিদ্যুৎ কুমার প্রামানিক	সিনিয়র প্রিন্সিপাল অফিসার, পাবনা শাখা
১২	দিনাজপুর	জোনাল ম্যানেজার, জোনাল অফিস, দিনাজপুর	জনাব কার্তিক রায়	উপ-সহকারী প্রকৌশলী, জোনাল অফিস, দিনাজপুর।
১৩	খুলনা	জোনাল ম্যানেজার, জোনাল অফিস, খুলনা	জনাব মোঃ মোমিনুর রহমান	প্রিন্সিপাল অফিসার, জোনাল অফিস, খুলনা
১৪	যশোর	জোনাল ম্যানেজার, জোনাল অফিস, যশোর	জনাব শেখ আমিরুল ইসলাম	ডাটা এন্ট্রি অপারেটর, শাখা অফিস যশোর
১৫	কুষ্টিয়া	জোনাল ম্যানেজার, জোনাল অফিস, কুষ্টিয়া	জনাব মোঃ তৌফিকুর রহমান	সিনিয়র প্রিন্সিপাল অফিসার, জোনাল অফিস, কুষ্টিয়া।

ক্র.	জোনাল অফিসের নাম	জোনাল অফিসভিত্তিক এপিএ টিম লিডার	জোনাল অফিসভিত্তিক এপিএ ফোকাল পয়েন্ট	
			কর্মকর্তার নাম	পদবী ও সংশ্লিষ্ট জোনাল/শাখা অফিসের নাম
১	২	৩	৪	৫
১৬	ফরিদপুর	জোনাল ম্যানেজার, জোনাল অফিস, ফরিদপুর	জনাব এস.এম রকিবুল ইসলাম	উপ-সহকারী প্রকৌশলী, জোনাল অফিস, ফরিদপুর
১৭	জামালপুর	জোনাল ম্যানেজার, জোনাল অফিস, ফরিদপুর	জনাব মেহেদী হাসান	প্রিন্সিপাল অফিসার, জোনাল অফিস, জামালপুর।
১৮	রংপুর	জোনাল ম্যানেজার, জোনাল অফিস, রংপুর	জনাব মোঃ রিয়াজুল হক	সহকারী প্রকৌশলী, জোনাল অফিস, রংপুর।

৩.০ জোনাল অফিসের এপিএ টিম লিডার ও এপিএ ফোকাল পয়েন্ট-এর কার্যপরিধিঃ

- (ক) এপিএ টিম লিডার তার আওতাধীন জোনাল অফিস ও শাখা অফিসসমূহের এপিএ বাস্তবায়ন বিষয়ক সার্বিক তত্ত্বাবধান করবেন;
- (খ) এপিএ টিম লিডার ও এপিএ ফোকাল পয়েন্ট জোনাল অফিস ও তার আওতাধীন শাখা অফিসসমূহের এপিএ ১০০% বাস্তবায়ন নিশ্চিত করবেন;
- (গ) এপিএ ফোকাল পয়েন্ট জোনাল অফিসের এপিএ চুক্তি প্রণয়ন, ত্রৈমাসিক ও বার্ষিক অর্জন নির্দেশনা মোতাবেক APAMS সফটওয়্যারে আপলোড করবেন;
- (ঘ) এপিএ ফোকাল পয়েন্ট ই-গভর্ন্যান্স ও উদ্বান কর্মপরিকল্পনার সূচকসমূহ বাস্তবায়নে ইনোভেশন আইডিয়া ও সেবা সহজীকরণে আইডিয়া প্রণয়ন করবেন;
- (ঙ) সদর দফতরস্থ পিএমই বিভাগের নির্দেশনা মোতাবেক আওতাধীন শাখা অফিসসমূহের মধ্যে সমন্বয় করে এপিএ সংক্রান্ত তাৎক্ষণিক বিভিন্ন তথ্য প্রদান, এপিএ'র গবেষণা কার্যক্রমের প্রশ্নপত্র মোতাবেক তথ্য প্রদান করবেন ইত্যাদি।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

স্বাক্ষরিত/-
(মুহাম্মদ জহিরুল ইসলাম)
উপ-মহাব্যবস্থাপক, পিএমই বিভাগ
ও
এপিএ ফোকাল পয়েন্ট, বিএইচবিএফসি
তারিখঃ ২৮ মার্চ ২০২৪

সূত্র নম্বরঃ ৫৩.১৪.০০০০.১৯০.১৬.০৬৫.২৩/ ৮১ ৬৮

অনুলিপিঃ সদর অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে

- ০১। সংশ্লিষ্ট কর্মকর্তা।
- ০২। শাখা ম্যানেজার, শাখা অফিস,।
- ০৩। জোনাল ম্যানেজার, জোনাল অফিস,।
- ০৪। মহাব্যবস্থাপক....., সদর দফতর, বিএইচবিএফসি।
- ০৫। উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব, সদর দফতর, বিএইচবিএফসি।
- ০৬। ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব, সদর দফতর, বিএইচবিএফসি।
- ০৭। অফিস কপি।


উপ-মহাব্যবস্থাপক (পিএমইডি)